

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

ঢাকা, ৭ পৌষ ১৪৩১/ ২২ ডিসেম্বর ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২৪.৩৮৫—অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য জনাব এ. এফ. হাসান আরিফ গত ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর।

২। জনাব এ. এফ. হাসান আরিফ ১৯৪১ সালে তদানীন্তন ব্রিটিশ ভারতের কলকাতায় জন্মগ্রহণ করেন। তিনি কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজ হতে উচ্চ মাধ্যমিক, স্নাতক ও পরবর্তী সময়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে এলএলবি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৬৭ সালে কলকাতা হাইকোর্টে আইনজীবী হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে ১৯৭০ সালে তিনি বাংলাদেশে (তৎকালীন পূর্ব পাকিস্তান) চলে আসেন এবং হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে যোগদান করেন। জনাব এ. এফ. হাসান আরিফ ২০০১ সাল হতে ২০০৫ সাল মেয়াদে বাংলাদেশের অ্যাটর্নি জেনারেলের দায়িত্ব পালন করেন।

৩। জনাব এ. এফ. হাসান আরিফ ২০০৮ সাল হতে ২০০৯ সাল পর্যন্ত তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০২৪ সালের ৮ আগস্ট অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসেবে শপথ গ্রহণ করেন। জনাব এ. এফ. হাসান আরিফ গত ১৬ আগস্ট ২০২৪ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়; ২৭ আগস্ট ২০২৪ তারিখে ভূমি মন্ত্রণালয় এবং ১০ নভেম্বর ২০২৪ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা নিযুক্ত হন।

(২৯০৮১)
মূল্য : টাকা ৪.০০

৪। ব্যক্তিজীবনে জনাব এ. এফ. হাসান আরিফ কর্মনিষ্ঠ, অমায়িক, বন্ধুবৎসল ও সদালাপী মানুষ ছিলেন। তাঁর দেশপ্রেম, সততা, পেশাদারিত্ব, সাংবিধানিক প্রাজ্ঞতা ও সুতীক্ষ্ণ যুক্তিবোধ সমাজের সর্বক্ষেত্রে তাঁকে অনুকরণীয় ব্যক্তিত্বে পরিণত করেছিল।

৫। জনাব এ. এফ. হাসান আরিফের মৃত্যুতে উপদেষ্টা পরিষদ গভীর শোক প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে উপদেষ্টা পরিষদের ৭ পৌষ ১৪৩১/ ২২ ডিসেম্বর ২০২৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৬। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

উপদেষ্টা পরিষদের শোকপ্রস্তাব

ঢাকা: $\frac{০৭ পৌষ ১৪৩১}{২২ ডিসেম্বর ২০২৪}$

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য এ. এফ. হাসান আরিফ গত ২০ ডিসেম্বর ২০২৪ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর।

এ. এফ. হাসান আরিফ ১৯৪১ সালে তদানীন্তন ব্রিটিশ ভারতের কলকাতায় জন্মগ্রহণ করেন। তিনি কলকাতার সেন্ট জেভিয়ার্স কলেজ হতে উচ্চ মাধ্যমিক, স্নাতক ও পরবর্তী সময়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে এলএলবি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৬৭ সালে কলকাতা হাইকোর্টে আইনজীবী হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে ১৯৭০ সালে তিনি বাংলাদেশে (তৎকালীন পূর্ব পাকিস্তান) চলে আসেন এবং হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে যোগদান করেন। এ. এফ. হাসান আরিফ ২০০১ সাল হতে ২০০৫ সাল মেয়াদে বাংলাদেশের অ্যাটর্নি জেনারেলের দায়িত্ব পালন করেন।

এ. এফ. হাসান আরিফ ২০০৮ সাল হতে ২০০৯ সাল পর্যন্ত তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০২৪ সালের ৮ আগস্ট অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসেবে শপথ গ্রহণ করেন। এ. এফ. হাসান আরিফ গত ১৬ আগস্ট ২০২৪ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়; ২৭ আগস্ট ২০২৪ তারিখে ভূমি মন্ত্রণালয় এবং ১০ নভেম্বর ২০২৪ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা নিযুক্ত হন।

ব্যক্তিজীবনে এ. এফ. হাসান আরিফ কর্মনিষ্ঠ, অমায়িক, বন্ধুবৎসল ও সদালাপী মানুষ ছিলেন। তাঁর দেশপ্রেম, সততা, পেশাদারিত্ব, সাংবিধানিক প্রাজ্ঞতা ও সুতীক্ষ্ণ যুক্তিবোধ সমাজের সর্বক্ষেত্রে তাঁকে অনুকরণীয় ব্যক্তিত্বে পরিণত করেছিল।

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য এ. এফ. হাসান আরিফের মৃত্যুতে উপদেষ্টা পরিষদ গভীর শোক প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।